110056926073001

জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
উপপরিচালক (স্থাঃ সঃ) | ডিআরআরও
অতিঃ জেলা প্রশাসক (সাঃ) | সিএ টু ডিসি
অতিঃ জেলা প্রশাসক (রাঃ)
অতিঃ জেলা ম্যাজিস্ট্রেট
নং- ৫২৮০
তাং- ৩০/৭/২৬
জেলা প্রশাসক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শিল্পকলা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৬.১৭.১৭৩.২৩. ২৩৮

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩৩ / ১৯ জুলাই ২০২৬

বিষয়ঃ ২০২৬-২৭ অর্থবছরে সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠানের অনুদান প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অনুসরণীয় নির্দেশাবলী।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে ২০২৬-২৭ অর্থবছরে সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠানের অনুদান প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করে জাতীয় দু'টি পত্রিকায় **(আমাদের সময় পত্রিকায় গত ১৫/০৭/২০২৬ খ্রি. ও বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় গত ১৬/০৭/২০২৬ খ্রি.)** বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। চলতি ২০২৬-২৭ অর্থবছরে সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠানকে অনুদান প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে ঢাকা মহানগরীর ক্ষেত্রে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক বরাবর এবং অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক বরাবর **আগামী ০২/০৮/২০২৬ খ্রি. হতে ০১/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে আবেদন করতে হবে।**

০২। যে সকল সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠান গত অর্থবছরে অনুদান পেয়েছে সে সকল সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠান ২০২৬-২৭ অর্থবছরে অনুদান প্রাপ্তির জন্য আবেদন করলে সাংস্কৃতিক কার্যক্রম চলমান সংক্রান্ত তথ্যাদি কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক সুপারিশকৃত আবেদনপত্র পৃথক তালিকায় এবং ২০২৬-২৭ অর্থবছরে অনুদান প্রত্যাশী নতুন সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠানের (গত অর্থবছরে অনুদান পায়নি) আবেদন একই পদ্ধতিতে যাচাই-বাছাইপূর্বক নতুন সর্বোচ্চ ২০টি করে সুপারিশকৃত আবেদনপত্র প্রয়োজনীয় কাগজপত্রসহ জাতীয় কমিটির বিবেচনার নিমিত্ত **আগামী ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে** সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০৩। উল্লেখ্য, সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠানের আবেদনকারী আবেদন ফরমে উল্লিখিত তথ্যাবলী সংযুক্ত ছক মোতাবেক অবশ্যই NikoshBAN Font-এ টাইপ করে সফটকপি sas7@moca.gov.bd ঠিকানায় ই-মেইলে এবং আবেদনপত্রসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় [দৃ: আ: উপসচিব (শিল্পকলা শাখা), কক্ষ নম্বর-১০০৬, তলা-১১, ভবন নম্বর-৬] বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর **আগামী ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখের মধ্যে পৌঁছাতে হবে।**

০৪। চলতি ২০২৬-২৭ অর্থবছরে সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও প্রতিষ্ঠানের অনুদান প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বিজ্ঞপ্তিতে প্রকাশিত শর্তাবলী এবং নির্দেশাবলী অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯.০৭.২৬

(ফারজানা জেসমিন)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৮০০
ই-মেইল-sas7@moca.gov.bd

১। মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।

২। জেলা প্রশাসক, পঞ্চগড়...............।

৩। কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি,..................................।

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১১৬.১৭.১৭৩.২৩. ২৩৮ তারিখ: ১৯ জুলাই ২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য))।
৩. একান্ত সচিব, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বর্ণিত পত্রটি মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, দেশের সকল জেলা প্রশাসকের কার্যালয় এবং সকল জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমির ই-মেইলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৫. অতিরিক্ত সচিব (বাজেট ও শিল্পকলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্মসচিব (শিল্পকলা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অফিস কপি/গার্ড ফাইল।

১৯.০৭.২১

(ফরজানা জেসমিন)
উপসচিব

F:\Section 7\Letter Section 7\letter file 2025 304

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
সাধারণ শাখা
www.panchagarh.gov.bd

তারিখ: ২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

**স্মারক নম্বর:** ০৫.৪৭.৭৭০০.০০০.০০৯.৩২.০০১৫.২৫.৬৩০

**বিষয়: ২০২৬-২০২৭ অর্থ বছরে সাংস্কৃতিক ব্যাক্তিত্ব ও প্রতিষ্ঠানের অনুদান প্রদান কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অনুসরণীয় নির্দেশাবলী**

পত্র মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

১৭-০৮-২০২৬
সুবীর সাহা
সহকারী কমিশনার

কালচারাল অফিসার
জেলা শিল্পকলা একাডেমি, পঞ্চগড় ।

তারিখ: ২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

**স্মারক নম্বর:** ০৫.৪৭.৭৭০০.০০০.০০৯.৩২.০০১৫.২৫.৬৩০/১ (৩)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব ), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পঞ্চগড় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২। গোপনীয় সহকারী, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড় (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অফিস কপি, পঞ্চগড়।



১৮-০৮-২০২৬
সুবীর সাহা
সহকারী কমিশনার